

**ভূমি সংস্থার বোর্ড**  
 চেয়ারম্যান এবং প্রার্থীদার  
 তারিখ  
 সদস্য (প্রশাসন)  
 সদস্য (ভূমি কর্মসূলি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 ভূমি সংস্থার বোর্ড  
 ডাক্ষে নং. (১২৩)  
 তা. ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 ভূমি মন্ত্রণালয়  
অধিগ্রহণ অধিশাখা-১

পরিপত্র  
স্মারক নং-৩১.০০.০০০০.০৮৭.৮৭.০৫৮.১৫-৩০১

তারিখ: ১৭/০৮/২০১৫ খ্রি:

**বিষয় :** এক সংস্থার অনুকূলে অধিগ্রহণকৃত সম্পত্তি অন্য সরকারি সংস্থার অনুকূলে হস্তান্তরের ক্ষেত্রে প্রাপ্ত ক্ষতিপূরণের অর্থ জমা প্রদানে কোড নম্বর ব্যবহার

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল-১৯৯৭ তে সন্নিবেশিত স্থাবর সম্পত্তি অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশনাবলীর অনুচ্ছেদ ৭৫ এ বিখ্যুত পদ্ধতি অনুসারে এক সংস্থার অনুকূলে পূর্বে অধিগ্রহণকৃত জমি তাদের প্রয়োজন না হলে অন্য সরকারি সংস্থার অনুকূলে হস্তান্তরের বিধান রয়েছে। উক্ত ৭৫ অনুচ্ছেদের দফা (ঙ) অনুযায়ী সংশ্লিষ্ট ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ায় মূল্য নিরূপণের পর প্রথম অধিগ্রহণ কালে যে পরিমাণ ক্ষতিপূরণ প্রত্যাশী সংস্থা প্রদান করেছিল সে পরিমাণ অর্থ তাদেরকে প্রদান করে বাকী অর্থ '৭-রাজস্ব বিবিধ আদায়' খাতে জমা করার বিধান রয়েছে। কিন্তু বর্তমানে উল্লিখিত '৭-রাজস্ব বিবিধ আদায়' খাত আর কার্যকর নেই। তৎপরিবর্তে সকল ক্ষেত্রে ১৩ ডিজিট কোড প্রবর্তিত হয়েছে।

২। এমতাবস্থায় সরকারি অর্থ সরকারের যথাযথ কোডে জমাদান নিশ্চিতকল্পে সিদ্ধান্ত গ্রহীত হয়েছে যে-

(ক) ভূমি মন্ত্রণালয়ের প্রাপ্ত অর্থ '৭-রাজস্ব বিবিধ আদায়' খাতের পরিবর্তে বর্তমান কোড নং

১/৪৬০১/০০০১/২৬৮১ এ জমা প্রদান করতে হবে; এবং

(খ) পূর্ববর্তী সংস্থার প্রাপ্ত অর্থ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রাতিষ্ঠানিক কোড ১/-----/-----/২৬৮১ এ জমা প্রদান করতে হবে। যেমন:- গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের ক্ষেত্রে কোড নং ১/৩২০১/০০০১/২৬৮১

৩। উপরি-উক্ত সিদ্ধান্তানুসারে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল ১৯৯৭ এর অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশনাবলীর সংশ্লিষ্ট অনুচ্ছেদ/অনুচ্ছেদসমূহ প্রয়োজনীয় অভিযোজনসহকারে (*mutatis mutandis*) পঠিত হবে এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
 ১২.৮.১৪  
 ( মোহাম্মদ শফিউল আলম )  
 সিনিয়র সচিব

**বিতরণ :**

জেলা প্রশাসক ----- (সকল)

**জ্ঞাতার্থে :-**

- ১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা
- ✓ ২। চেয়ারম্যান, ভূমি সংস্থার বোর্ড, মতিবিল, ঢাকা
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
- ৪। কমিশনার ----- (সকল বিভাগ)
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭। হিসাবনিয়ন্ত্রক(রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা